ভোরের কাগজ

27 APR 1998

পৃঃ ২ কলাম ৭

স্থাপত্যে রেজিস্ট্রেশনের দাবিতে আজ থেকে লাগাতার ধর্মঘট

# ছাত্রলীগ ও ছাত্রদলের ডাকে বুয়েটে ধর্মঘট পালিত

বুয়েট প্রতিনিধি : গতকাল রোববার প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) পৃথক পৃথক ইস্যুতে ছাত্রলীগ ও ছাত্রদলের আহ্বানে ধর্মঘট শান্তিপূর্ণভাবে পালিত হয়েছে।

এদিকে অবিলম্বে স্থাপত্য বিভাগের ছাত্রছাত্রীদের কোর্স রেজিস্ট্রেশন সম্পন্ন করার দাবিতে ছাত্রলীগ আজ সোমবার থেকে বুয়েটে লাগাতার ধর্মঘট ডেকেছে। অন্যদিকে স্থাপত্য বিভাগের ছাত্ররা গতকাল তাদের কোর্স রেজিস্ট্রেশন সম্পন্ন করার জন্য একটি বিক্ষোভ মিছিল করেছে এবং শিক্ষামন্ত্রীর কাছে স্মারকলিপি পেশ করেছে।

গত শনিবার মধ্যরাতে ছাত্রলীগ অবিলম্বে স্থাপত্য বিভাগের কোর্স রেজিস্ট্রেশন সম্পন্ন করার দাবিতে একটি মিছিল করে এবং এই দাবিতে রোববার বুয়েটে ধর্মঘটের ডাক দেয়। এর পরপরই ছাত্রদল ইউকসু ভবনে অগ্নিসংযোগ ও তাদের সাংগঠনিক সম্পাদক আহত হওয়ার প্রতিবাদে একটি মিছিল বের করে ও এই দাবিতে রোববার ধর্মঘটের ডাক দেয়।

গতকাল সকাল সাড়ে ৬টা থেকে ছাত্রলীগ ধর্মঘটের সমর্থনে বুয়েটের প্রধান দুই গেটে অবস্থান নেয়। সকাল ৮টায় ছাত্রদল তাদের ধর্মঘটের সপক্ষে মিছিল করে ক্যাম্পাসে ঢোকে। সাধারণ ছাত্রছাত্রীরা কেউ ক্লাস করেনি এবং ধর্মঘট স্বতঃস্ফূর্তভাবেই পালিত হয়েছে। কোনো সংঘর্ষও বাঁধেনি।

বেলা সাড়ে ১১টায় ছাত্রলীগ নেতৃবৃন্দ বুয়েট উপাচার্য অধ্যাপক ইকবাল মাহমুদের কাছে একটি স্মারকলিপি পেশ করেন। স্মারকলিপিতে চ্যান্সেলর প্রধানমন্ত্রী শেখ হাসিনার হস্তক্ষেপে স্থাপত্য সমস্যার সমাধানের পর এক মাসাধিককাল অতিবাহিত হলেও স্থাপত্য বিভাগের ছাত্রছাত্রীদের কোর্স রেজিস্ট্রেশন সম্পন্ন না করাকে কর্তৃপক্ষের ব্যর্থতা হিসেবে চিহ্নিত করা হয়।

পরে ছাত্রলীগ স্থাপত্য বিভাগের ছাত্রছাত্রীদের কোর্স রেজিস্ট্রেশন সম্পন্ন না করা পর্যন্ত চলমান আন্দোলনকে বেগবান করতে লাগাতার ধর্মঘটের কর্মসূচি ঘোষণা করে আজ সোমবার থেকে। একই দাবিতে ছাত্রলীগ আজ দুপুর ১২টায় ভিসি অফিসও ঘেরাও করে।

উপাচার্য তাদের জানান, আজ সোমবারের একাডেমিক কাউন্সিলের মিটিং থেকে এ ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হবে।

ছাত্রদলের নেতৃবৃন্দ পৃথকভাবে উপাচার্যের সঙ্গে দেখা করেন। উপাচার্য জানান, ইউকসু ভবনে অগ্নিসংযোগসহ বিভিন্ন ঘটনার তদন্তের জন্য যন্ত্রকৌশল বিভাগের অধ্যাপক আজিজুল হককে চেয়ারম্যান করে চার সদস্যবিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে।

অন্যদিকে স্থাপত্য বিভাগের ছাত্রছাত্রীরা অবিলম্বে তাদের কোর্স রেজিস্ট্রেশন সম্পন্ন করার দাবিতে একটি বিক্ষোভ মিছিল বের করে। মিছিলে সর্বদলীয় নেতৃবৃন্দ ও স্থাপত্য বিভাগের ছাত্রছাত্রীরা উপস্থিত ছিল। মিছিলটি ক্যাম্পাস প্রদক্ষিণ করে শিক্ষামন্ত্রী এ এইচ এস কে সাদেকের কাছে স্মারকলিপি দিতে যায়। এই স্মারকলিপিতে স্থাপত্য বিভাগের ছাত্রছাত্রীদের শিক্ষাক্রম নিয়মিতকরণ তথা রেজিস্ট্রেশন এবং ক্লাস শুরু করার দাবি জানিয়ে বলেন, কর্তৃপক্ষের উদ্যোগহীনতার ফলে বিভাগের ৩৬২ জন শিক্ষার্থীর শিক্ষাজীবন অনিশ্চয়তার সম্মুখীন হয়ে পড়েছে।

এদিকে জানা গেছে, স্থাপত্য বিভাগের ছাত্রছাত্রী ও অন্যান্য ছাত্র সংগঠনগুলোও অবিলম্বে কোর্স রেজিস্ট্রেশন সম্পন্ন করার দাবিতে আজ সোমবার ভিসি অফিস ঘেরাও করবে এবং স্থাপত্য বিভাগের ছাত্রছাত্রীরা আজ তাদের বিভাগীয় অফিসে তালা ঝুলিয়ে দেবে।